

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগীয় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী আড়াইহাজার, নারায়নগঞ্জ।

সভাপতি: ঝর্ণা রহমান  
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়নগঞ্জ।

তারিখ : ২৪/০২/২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, আড়াইহাজার, নারায়নগঞ্জ।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট – ক

অদ্যকার পল্লী উন্নয়ন ও স্থায়ী কমিটির সভার কার্যক্রম শুরু হয় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ঝর্ণা রহমান এর সভাপতিত্বে। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা সমবায় অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক সভা অনুষ্ঠিত হয়।

| ক্রমিক নং- ১: বিগত সভার কার্যবিবরণী:   | সিদ্ধান্ত/সুপারিশ   | বাস্তবায়ন  |
|--|---|---|
| আলোচনা ও পর্যালোচনা:<br>সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন  | কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।  | সংশ্লিষ্ট সকল।                                      |
| আলোচ্য সূচী: ০২: উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন সংক্রান্ত আড়াইহাজার উপজেলাধীন উৎপাদন মুখী সমবায় সমিতি গঠন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। উপজেলা সমবায় দপ্তর হতে ২০২১-২০২২ খ্রি. সনে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষে নগর জোয়ার শ্রমজীবী সমবায় সমিতি লি., গ্রাম: নগরজোয়ার, পো: ফাউসা বাজার, উপজেলা: আড়াইহাজার, জেলা: নারায়নগঞ্জকে উৎপাদনমুখী সমবায় সমিতি লি: হিসাবে চিহ্নিত করা হয়েছে। নগর জোয়ার শ্রমজীবী সমবায় সমিতি লি: এর মাধ্যমে কৃষিজাত পণ্য, যেমন- লাউ, শসা, ক্ষিরা, সিম, করলা, উত্তাসহ বিভিন্ন ধরনের শাক সবজী উৎপাদিত হয়। | সমবায় সমিতির সদস্যরা যাতে সঠিক ভাবে লাউ, শসা, ক্ষিরা, সিম, করলা, উত্তাসহ বিভিন্ন ধরনের শাক সবজী উৎপাদন করতে পারে উপজেলা কৃষি অফিসারের মাধ্যমে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, আড়াইহাজার, নারায়নগঞ্জ।      |
| আলোচ্য সূচী- ৩: প্রাথমিক সমবায় সমিতির অডিট সংক্রান্ত আলোচনা:<br>অত্র উপজেলাধীন প্রাথমিক ১৩২ টি ও কেন্দ্রীয় ০৩ টি মোট ১৩৫ টি কার্যকর সমবায় সমিতি ২০২১-২০২২ খ্রি. সনের বার্ষিক অডিট বরাদ্দ দেয়া হয়। তন্মধ্যে সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ১০০ টি সমিতির বার্ষিক অডিট সম্পাদন করা হয়।  | প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট সম্পাদনের জন্য অডিট অফিসারদের দিক নির্দেশনা দেয়া হয়।  | সমবায় বিভাগে নিয়োজিত বরাদ্দপ্রাপ্ত অডিট অফিসারগণ। |
| আলোচ্য সূচী-৪: মহিলা সমবায়ীদের প্রশিক্ষণ :<br>২০২১-২০২২ খ্রি. বর্ষে সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত এ দপ্তরের অধিনস্ত সমবায় সমিতি হতে কোন মহিলা প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী ও কুমিল্লায় প্রেরণ করা হয়নি।  | আগামী মাস সমূহে মহিলা প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য জোর তাগিদ দেয়া হয়।   | উপজেলা সমবায় অফিসার, আড়াইহাজার, নারায়নগঞ্জ।      |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ঝর্ণা রহমান)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটি


আড়াইহাজার, নারায়নগঞ্জ।

স্মারক নং-৩৯

তারিখ : ২৪/০২/২০২২ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জনাব আলহাজ্ব নজরুল ইসলাম বাবু, মাননীয় সংসদ সদস্য, নারায়নগঞ্জ-২।
- ০২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের (ইউডিএফ), আড়াইহাজার, নারায়নগঞ্জ।
- ০৬। অফিস নথি।



(নাহিদা নাছরিন)

উপজেলা সমবায় অফিসার

ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটি

আড়াইহাজার, নারায়নগঞ্জ।